ইসরায়েলি গণহত্যার প্রতিবাদে চুয়াডাঙ্গায় বিক্ষোভ মিছিল ও মানববন্ধন

চুয়াডাঙ্গায় ইসরায়েলি আগ্রাসন ও গণহত্যার প্রতিবাদে, ফিলিস্তিনের সার্বভৌমত্ব ও রাষ্ট্রীয় স্বীকৃতির পক্ষে এবং সমর্থনে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে চুয়াডাঙ্গার সর্বস্তরের মানুষ।

সোমবার সকাল ১১টার দিকে চুয়াডাঙ্গা বড় বাজারের শহীদ হাসান চত্বর থেকে একটি বিশাল বিক্ষোভ মিছিল ও মানববন্ধন শুরু হয়। মিছিলটি বড় বাজার থেকে পৌরসভা মোড় ঘুরে সরকারি কলেজের সামনে গিয়ে শেষ হয়।

বিক্ষোভে অংশগ্রহণকারীরা ইসরায়েলের ধ্বংস কামনা করে ও নিন্দা জানিয়ে বিভিন্ন স্লোগান দেন এবং ইসরায়েলি সব পণ্য বয়কট করার সিদ্ধান্ত ঘোষণা করেন।

বিক্ষোভ মিছিল ও মানববন্ধন শেষে ফিলিস্তিনের পক্ষে এবং ইসরায়েলের বিরুদ্ধে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক আসলাম হোসেন, সদস্য সচিব সাফফাতুল ইসলাম, যুগ্ম সদস্য সচিব রনি বিশ্বাস, মুখ্য সংগঠক সজিবুল ইসলাম, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল চুয়াডাঙ্গা সরকারি কলেজ শাখার আহ্বায়ক ফয়সাল ইকবাল, ইসলামী ছাত্র আন্দোলন চুয়াডাঙ্গা জেলা শাখার প্রতিনিধি এস এম ফাহিম, ইন্তিফাদা ফাউন্ডেশন চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি সাফায়েত আদনান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চুয়াডাঙ্গা সদর উপজেলার আহ্বায়ক রাকিবুল ইসলাম, সদস্য সচিব ফাহিম উদ্দীন, মুখ্য সংগঠক আকাশ, মুখপাত্র আনজুম হাবিবা,এছাড়াও উপস্থিত ছিলেন সাধারণ শিক্ষার্থী ও বিভিন্ন পেশার মানুষ।

ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে কুষ্টিয়ায় বিক্ষোভ

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজায় ইসরায়েলি আগ্রাসনের প্রতিবাদে ঘোষিত ‘দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা’ কর্মসূচির অংশ হিসেবে কুষ্টিয়ায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ মার্চ) সকাল এগারোটায় কুষ্টিয়া শহরের ইসলামিয়া কলেজ মাঠ প্রাঙ্গণ থেকে গাজার পক্ষে এ বিক্ষোভ শুরু করেন জনগণ।

এছাড়াও বিভিন্ন সংগঠন শহরের বিভিন্ন এলাকা থেকে বিক্ষোভ মিছিল নিয়ে সমাবেশস্থলে আসে। পরে বিক্ষোভ মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কুষ্টিয়া খুলনা-মহাসড়কের চৌড়হাস মোড়ে গিয়ে শেষ হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, ইসলামী আন্দোলন বাংলাদেশ কুষ্টিয়া জেলা শাখার সভাপতি আলহাজ্ব আহমদ আলী, সাধারণ সম্পাদক জি এম তাওহীদ আনোয়ার,মোমতাজুল উলুম মাদ্রাসার মুহতামীম আরিফুজ্জামান প্রমুখ।

ক্লাস-পরীক্ষা বর্জন করে কর্মসূচিতে অংশ নিচ্ছেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা- কর্মচারীরাও সংহতি জানাচ্ছেন ‘দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা’ কর্মসূচিতে।

বিক্ষোভকারীরা প্ল্যাকার্ড, ব্যানার হাতে ‘ফ্রি প্যালেস্টাইন’, ‘স্টপ কিলিং ইন গাজা’সহ নানা স্লোগান দেন। শান্তিপূর্ণ এ কর্মসূচি চলাকালীন সড়কে যান চলাচলে সাময়িক কিছুটা সমস্যা হলেও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণ করে।

বিক্ষোভে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি অংশ নিয়েছেন শিক্ষার্থীরাও। এর মধ্যে একটি মিছিলে অংশ নেওয়া হাসান টুটুল বলেন, দ্য ওয়ার্ল্ড স্টপস ফর গাজা কর্মসূচির অংশ হিসেবে আমরা আজ রাস্তায় নেমেছি। গাজায় ইসরায়েলি দখলদার বাহিনী যেভাবে সাধারণ মানুষের ওপর নৃশংস হামলা চালাচ্ছে, আমরা তার তীব্র নিন্দা জানাই।

তিনি আরও বলেন, শিশু, নারী ও নিরীহ মানুষদের ওপর ইসরায়েলি হামলা

আজ মানবতাকেও প্রশ্নের মুখে ফেলেছে। অথচ বিশ্ব আজ নিশ্চুপ। কোথায় গেল সেই মানবতা, কোথায় গেল নৈতিকতা?

নাগরিক পার্টির তালহা বলেন, ইসরায়েলি দখলদার বাহিনী গাজায় নির্মমভাবে মানুষকে হত্যা করছে। তাদের এই হত্যাযজ্ঞ দেখে বাংলাদেশের প্রতিটি শিক্ষার্থী ক্ষুব্ধ এবং ব্যথিত। তারা চান দ্রুত যেন বিশ্ববাসী এ গণহত্যা বন্ধ করে।

কর্মসূচি পালনকালে ‘ফ্রম দ্য রিভার টু দ্য সী, প্যালেস্টাইন উইল বি ফ্রি’, ‘ইস্ট টু ওয়েস্ট, নো ফ্লো টু জায়নিস্ট’, ‘মেঘনা টু জেরুজালেম, ইনসাফ ইনসাফ’, ‘শেম শেম জায়নিস্ট, মেক ফ্রি প্যালেস্টাইন’, ‘ফিলিস্তিন মুক্তি পাক, ইসরায়েল নিপাত যাক’; ‘ইনকিলাব ইনকিলাব, আল আকসা জিন্দাবাদ’ ইত্যাদি স্লোগান দেন বিক্ষোভকারীরা।

মোমতাজুল উলুম মাদ্রাসার মুহতামীম আরিফুজ্জামান বলেন, গাজায় নিরীহ শিশু, নারী এবং সাধারণ মানুষের ওপর যে নৃশংসতা চালানো হচ্ছে তা শুধু একটি রাজনৈতিক সংকট নয়, এটি একটি চরম মানবিক ও নৈতিক সংকট। এমনকি যুদ্ধবিরতি লঙ্ঘন, মানবিক করিডোরে হামলা এবং জরুরি স্বাস্থ্যসেবা কাঠামো ধ্বংসের মতো সন্ত্রাসী কর্মকাণ্ড সভ্যতার চরম অবক্ষয়। আমরা বুয়েটের সাধারণ শিক্ষার্থীরা ফিলিস্তিনের গাজা উপত্যকায় চলমান অমানবিক সহিংসতা, নির্বিচারে হত্যা, বোমাবর্ষণ, রাসায়নিক হামলা এবং মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে গভীর উদ্বেগ ও তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

তিনি বলেন, আমরা এই বর্বরতার বিরুদ্ধে সোচ্চার হতে, সংগঠিত হতে এবং কার্যকর অবস্থান নিতে সর্বদা নৈতিকভাবে একতাবদ্ধ। শুধু সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিবাদ জানানোই যথেষ্ট নয়, এখন সময় এসেছে রাস্তায় দাঁড়ানোর, কণ্ঠে কণ্ঠ মিলিয়ে মানবতার পক্ষে আওয়াজ তোলার। ‘গ্লোবাল স্ট্রাইক ফর গাজা’র অংশ হিসেবে আমরা আজ বিশ্বের অন্যান্য সচেতন মানুষের সঙ্গে একাত্মতা প্রকাশ করছি।

গাজায় ইসরায়েলি বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি বাহিনীর বর্বরতা ও নৃশংস হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বেলা সাড়ে ১০টার দিকে মেহেরপুর পৌরসভার সামনে সাধারণ জনগণের আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেতৃত্ব দেন আসিফ নাজ সুলতান।

বক্তারা বলেন, যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘন করে পবিত্র রমজান মাসেও ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি দখলদার বাহিনী হামলা চালিয়ে শত শত নিরীহ ফিলিস্তিনিকে হত্যা করেছে। বিশ্ব মানবতার এই সংকটময় সময়ে আমাদের সবাইকে নিপীড়িত ফিলিস্তিনিদের পাশে দাঁড়াতে হবে এবং যুদ্ধবিরতি লঙ্ঘনের দায়ে নেতানিয়াহু সরকার ও ইসরায়েলকে আন্তর্জাতিক আইনের আওতায় আনতে হবে।

তারা আরও বলেন, গাজায় শুধু মুসলমানরা নয়, বরং গোটা বিশ্ব মানবতাই আক্রান্ত হয়েছে। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে অবৈধ দখলদার ইসরায়েল স্বাধীন ফিলিস্তিনের ওপর লাগাতার হামলা চালিয়ে যাচ্ছে। তারা শুধু যুদ্ধবিরতি লঙ্ঘন করেনি, বরং পুরো গাজা উপত্যকা দখলের ঘোষণা দিয়েছে। বিশ্বনেতাদের অবশ্যই এই ন্যাক্কারজনক হামলা বন্ধে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন সামাজিক সংগঠন ধ্রুবতারা ইউথ ডেভেলপমেন্ট ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি ফয়সাল হোসেন, ইশতিয়াক উদ্দিন অর্ণব, রোকন খন্দকার, সুরুজ, জাহিদ, রাহিদুজ্জামান, রজনী, সাদিয়া এবং অন্যান্য সাধারণ জনগণ।